

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৩৭.২০১৪- ১৬ (১২)

তারিখঃ ১১.০৬.১৪২২
০৬.১০.২০১৫

আদেশ

যেহেতু, ডাঃ মোঃ শওকত আলী (৪২৭১৭), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা বদলিকৃত কর্মস্থলে যোগদান না করে গত ০১.০১.২০০৮ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থেকে গত ১৯.০৩.২০১৪ তারিখে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে যোগদানের আবেদন করেন;

যেহেতু, ডাঃ মোঃ শওকত আলী (৪২৭১৭) একনাগাড়ে ০৫ বছরের অধিক চাকুরীতে অনুপস্থিত থাকায় বিএসআর (পার্ট-১) বিধি-৩৪ অনুযায়ী তাঁর চাকুরী অবসান ঘটানোর নিমিত্ত কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন ও ব্যক্তিগত শুনানীতে অংশ গ্রহণ করেন;

যেহেতু, প্রাপ্ত জবাব, ব্যক্তিগত শুনানী এবং প্রাপ্ত কাগজপত্রাদি পরীক্ষান্তে দাখিলকৃত জবাব গ্রহণযোগ্য প্রতীয়মান হওয়ায় তাঁর চাকুরী অবসান ঘটানোর সিদ্ধান্ত না নিয়ে তাঁর অননুমোদিত অনুপস্থিতকালীন সময়কে বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে গণ্য করে তাঁকে চাকুরিতে পুনর্বহালের সিদ্ধান্ত গ্রহণ করা হয়;


যেহেতু, ডাঃ মোঃ শওকত আলী (৪২৭১৭) একনাগারে ০৫(পাঁচ) বছরের অধিক কর্মস্থলে অনুপস্থিত থাকায় ও তিনি বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের প্রথম শ্রেণীর কর্মকর্তা বিধায় বিএসআর (পার্ট-১) বিধি-৩৪ মোতাবেক তাঁকে চাকুরিতে পুনর্বহালের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে মহামান্য রাষ্ট্রপতির নিকট প্রস্তাব উপস্থাপন করা হয় ;

যেহেতু, বিএসআর (পার্ট-১) বিধি-৩৪ মোতাবেক নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে মহামান্য রাষ্ট্রপতি ডাঃ মোঃ শওকত আলী (৪২৭১৭)-কে চাকুরিতে পুনর্বহালের বিষয়ে গত ২৮.০৯.২০১৫খ্রিঃ তারিখে সানুগ্রহ সম্মতি জ্ঞাপন করেছেন;

এক্ষনে সেহেতু, মহামান্য রাষ্ট্রপতির সানুগ্রহ সম্মতির প্রেক্ষিতে ডাঃ মোঃ শওকত আলী (৪২৭১৭), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর ০১.০১.২০০৮ তারিখ হতে ১৮.০৩.২০১৪ তারিখ পর্যন্ত ০৬(ছয়) বছর ০৪(চার) মাস অননুমোদিত অনুপস্থিতকালীন সময়কে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করে তাঁকে চাকুরিতে পুনর্বহাল করা হল।

জনস্বার্থে এ আদেশ জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


(সৈয়দ মন্জুরুল ইসলাম)
সচিব

উপপরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা।

নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৩৭.২০১৪- ১৬ (১২) (১৬)

তারিখঃ- ০৬.১০.২০১৫খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর মহাখালী, ঢাকা (বর্ণিত কর্মকর্তাকে সত্ত্বর পদায়নের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল)।
- ২। পরিচালক (প্রশাসন/এমআইএস/অর্থ), স্বাস্থ্য অধিদপ্তর মহাখালী, ঢাকা।
- ৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, এজিবি ভবন, ঢাকা।
- ৪। উপসচিব (পার-৫ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। সিনিয়র সহকারী সচিব (পার-৩), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। ডাঃ মোঃ শওকত আলী (৪২৭১৭), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (যোগাযোগ ঠিকানাঃ-বাড়ী নম্বর-ই-১৪৯, দক্ষিণ বনশ্রী, গোড়ান প্রজেক্ট, ঢাকা)।

(আসমা তাসকিন)

উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

sasdisc1@mohfw.gov.bd